

নং- ২০.০০.০০০০.৩০৪.০১১.৩৭.১৪-১৪০

তারিখ: ১১ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

পরিকল্পনা বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে 'সীট মুদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর' পদে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩ নং গ্রেডে ১১০০০-২৬৫৯০ বেতন স্কেলে সরকার কর্তৃক প্রদেয় প্রচলিত অন্যান্য ভাতাদিসহ ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে পরিকল্পনা বিভাগে নিয়োগ প্রদান করা হলো:

মেধাক্রম	প্রার্থীর নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	কোটা
(১)	ডালিয়া আক্তার পিতাঃ মোঃ মফিজ উদ্দিন মাতাঃ শাহানারা বেগম	সেরাজুল হক সারেং বাড়ি, চন্দ্রশুদ্ধি, ৭নং বাটইয়া ইউনিয়ন পরিষদ, ডুগ্রীরহাট, কবিরহাট, নোয়াখালী।	ঢাকা বহুভাষী সীটলিপি ট্রেনিং সেন্টার, ৯৩, সরদার কমপ্লেক্স, আগারগাঁও তালতলা, ঢাকা- ১২০৭।	মহিলা কোটায় সুপারিশকৃত
(২)	মোঃ আরিফুল ইসলাম পিতাঃ মোঃ রমিজ উদ্দিন মাতাঃ খোদেজা খাতুন	ভয়াশন, বড়চাপা, মনোহরদী, নরসিংদী।	শহীদুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।	জেলা কোটায় সুপারিশকৃত
(৩)	মোঃ নাজমুল হোসাইন পিতাঃ মোঃ রমিজুল ইসলাম মাতাঃ হোসেনয়ারা	ঢালী বাড়ী, দেউলা, তালুকদার বাড়ী, বোরহানউদ্দিন, ভোলা।	দি মুন কমার্শিয়াল ইনঃ ৯৩/১-এ সরদার কমপ্লেক্স আগারগাঁও, তালতলা ঢাকা ১২০৭।	জেলা কোটায় সুপারিশকৃত


### ০২। নিয়োগের শর্তাবলী:

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তাঁদের যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২ (দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে;
- শিক্ষানবিসকালে তাঁদের আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগ একমাসের নোটিশ দ্বারা বাতিল করতে পারবে এবং চাকরি ত্যাগ করতে হলে উপযুক্ত কর্তৃপক্ষকে অনুরূপ নোটিশ প্রদানপূর্বক চাকরি ত্যাগ করা যাবে। অন্যথায় ঐ পরিমাণ সময়ের বেতন কর্তন করা হবে;
- পুলিশ তদন্তে চারিত্রিক ও প্রাক-পরিচিতি প্রতিবেদন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অপসারণ করা হবে;
- বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- এ নিয়োগ আদেশ প্রাপ্তির পর তাঁদের নিজ নিজ জেলার সিভিল সার্জনের নিকট উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের মূলকপি চাকরিতে যোগদানের সময় কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে;
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে নিয়োগাদেশ বাতিল করা হবে;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৩। অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হয়, তাহলে আগামী ১১ মে ২০১৭ খ্রি: তারিখের মধ্যে যুগ্ম-সচিব (একনেক ও সমন্বয় অনুবিভাগ), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।


  
২৪/০৪/২০১৭  
(সেবাস্টিন রেমা)  
উপসচিব  
ফোনঃ ৯১১৫৭১৬

নং- ২০.০০.০০০০.৩০৪.০১১.৩৭.১৪-১৪০

তারিখ: ১১ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪) অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫) যুগ্ম-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮) সিভিল সার্জন, ..... জেলা (সরকারী চাকরিতে যোগদানের ক্ষেত্রে স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ৯) সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন (ফেজ-৩), সেগুনবাগিচা, ঢাকা।
- ১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৩) জনাব/বেগম.....
- ১৪) অফিস কপি/ব্যক্তিগত নথি।

  
২৪/০৪/২০১৭  
(সেবাস্টিন রেমা)  
উপসচিব